Total No. of Printed Pages—7

**HS/XII/A/b/24**

**2 0 2 4**

**ELECTIVE BENGALI**

*Full Marks* : 100

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

*General Instructions* :

(i) Write all the answers in the Answer Script.

(ii) Attempt Part—A (Objective Questions) serially.

(iii) Attempt all parts of a question together at one place.

( PART : A—OBJECTIVE )

( *Marks* : 50 )

SECTION—I

( *Marks* : 25 )

১। বন্ধনী থেকে সঠিক বিকল্পটি বেছে নিয়ে শূন্যস্থান পূর্ণ কর (যে-কোন **পাঁচটি**) : ১×৫=৫

(ক) ‘‘অতি বড় বৃদ্ধ পতি _____ নিপুণ।’’ ( সিদ্ধিতে / বুদ্ধিতে / যুক্তিতে )

(খ) ‘‘_____ অতুল সভা—স্ফটিকে গঠিত;’’ ( ভূবনে / ভূতলে / মর্ত্যে )

(গ) ‘‘আমার সন্তান যেন থাকে _____ ভাতে।।’’

( শাকে / মাছে / দুধে )

(ঘ) ‘‘কুকথায় পঞ্চমুখ, কণ্ঠভরা _____।’’

( বিষ / মধু / সুধা )

(ঙ) ‘‘যে ভালোবাসে, সেই _____ করে।’’

( অত্যাচার / অনাদর / অবহেলা )

(চ) ‘‘ _____ প্রকাশের চেষ্টা করিবেন না।’’

( শক্তি / বুদ্ধি / বিদ্যা )

(ছ) ‘‘রাজার ঘরে উত্তরাধিকারীই জন্মায়, _____ জন্মায় না।’’

( পুত্র / ছেলে / সন্তান )

(জ) প্রতাপাদিত্য _____ রাজা।

( যশোহরের / রায়গড়ের / উদয়গড়ের )

২। সত্য *অথবা* মিথ্যা নির্ণয় করে উত্তর-পত্রে লেখ (যে-কোন **দশটি**) : ১×১০=১০

(ক) ‘পাদুকা গ্রহণ’ কবিতাটির কবি হলেন কৃত্তিবাস ওঝা।

(খ) ‘শ্রীক্ষেত্র’ কবিতাটির কবি ভারতচন্দ্র।

(গ) ‘‘সত্য ও ধর্মই সাহিত্যের উদ্দেশ্য নয়।’’

(ঘ) ‘‘বাঙ্গালী রাজগণ অনেক সময়ে উত্তর ভারতে বৃহৎ সাম্রাজ্যের অধীশ্বর ছিলেন।’’

(ঙ) বিভা রামচন্দ্র রায়ের মহিষী ছিলেন।

(চ) ‘চর্যাপদ’ প্রাচীন বাংলার নির্দশন।

(ছ) ‘চৈতন্যচরিতামৃত’ গ্রন্থখানির রচয়িতা চৈতন্যদেব।

(জ) বাংলা সাহিত্যের আদি নিদর্শন ‘চর্যাপদ’।

(ঝ) ফুল্লরা ‘চণ্ডীমঙ্গল’ কাব্যের একটি চরিত্র।

(ঞ) ‘মঙ্গলকাব্য’ ধারার শ্রেষ্ঠ কবি মুকুন্দরাম চক্রবর্তী।

(ট) বিদ্যাপতি মৈথিলী কবি ছিলেন।

(ঠ) ‘শ্রীকৃষ্ণকীর্তন’ কাব্যটি জ্ঞানদাসের লেখা।

(ড) কাশীরাম দাস ‘মহাভারত’-এর অনুবাদ করেন।

৩। বন্ধনী থেকে সঠিক শব্দটি বেছে নিয়ে উত্তর লেখ (যে-কোন **দশটি**) : ১×১০=১০

(ক) ‘পূর্বরাগ’ কবিতাটির কবি কে?
( রামপ্রসাদ / ভারতচন্দ্র / চণ্ডীদাস )

(খ) পিতৃসত্য পালনের জন্য রাম কত বৎসরের জন্য বনবাসে গিয়েছিলেন?
( দ্বাদশ / ত্রয়োদশ / চতুর্দশ )

(গ) ‘‘জানহ স্বামীর নাম নাহি ধরে নারী।।’’ কার উক্তি?
( পাটনীর / দেবী অন্নদার / ফুল্লরার )

(ঘ) 'রূপসা' নদীর কথা কোন্ কবিতায় আছে ?
( 'আবার আসিব ফিরে' / 'পাদুকা গ্রহণ' / 'শ্রীক্ষেত্র' )

(ঙ) 'সতীশূন্য কৈলাস' কবিতাটি কার লেখা ?
( হেমচন্দ্রের / নবীনচন্দ্রের / সঞ্জীবচন্দ্রের )

(চ) রামাই কার রাজসভার ভাঁড় ছিল ?
( প্রতাপাদিত্যের / বসন্তরায়ের / রামচন্দ্র রায়ের )

(ছ) 'প্রায়শ্চিত্ত' নাটকে সুরমার স্বামীর নাম কী ?
( প্রতাপাদিত্য / উদয়াদিত্য / বসন্তরায় )

(জ) 'ভালোবাসার অত্যাচার' কার লেখা ?
( ভারতচন্দ্রের / বঙ্কিমচন্দ্রের / রবীন্দ্রনাথের )

(ঝ) 'অনুকরণ' নামক প্রবন্ধটি কোন্ মূল গ্রন্থের অন্তর্গত ?
( 'বিবিধ প্রবন্ধ' / 'দত্তা' / 'প্রায়শ্চিত্ত' )

(ঞ) 'অন্নদামঙ্গল' কাব্যের রচয়িতা কে ?
( মুকুন্দরাম / ভারতচন্দ্র / রবীন্দ্রনাথ )

(ট) বৈষ্ণব পদাবলীর একজন পদকর্তা হলেন
( জ্ঞানদাস / রামপ্রসাদ / মুকুন্দরাম )

(ঠ) বীরবাহুর পিতার নাম কী ?
( প্রতাপাদিত্য / বসন্তরায় / রাবণ )

SECTION—II

( *Marks* : 25 )

৪। যে-কোন **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৫=২৫

(ক) 'পাদুকা গ্রহণ' কবিতায় কে, কার পাদুকা গ্রহণ করতে এসেছিলেন? কেন তিনি শুধু পাদুকা নিয়ে ফিরে গেলেন? (১+১)+৩=৫

(খ) 'অন্নদার আত্মপরিচয় ও ভবানন্দভবনে গমন' কবিতায় কবি দ্ব্যর্থবোধক ভাষায় দেবী অন্নদার যে পরিচয় দিয়েছেন তা সংক্ষেপে লেখ।

(গ) 'প্রায়শ্চিত্ত' নাটকের পাঁচটি অপ্রধান চরিত্রের নাম লেখ।

(ঘ) ''সাহেবরা যদি পাখী মারিতে যান, তাহারও ইতিহাস লিখিত হয়, কিন্তু বাঙ্গালার ইতিহাস নাই।''

উক্তিটি কোন্ প্রবন্ধের অন্তর্গত? প্রবন্ধটির রচয়িতা কে? উক্তিটির তাৎপর্য সংক্ষেপে লেখ। ১+১+৩=৫

(ঙ) 'বাঙ্গালার নব্য লেখকদিগের প্রতি নিবেদন' প্রবন্ধে লেখক অলংকার প্রয়োগের ক্ষেত্রে যে পরামর্শ দিয়েছেন তা সংক্ষেপে লেখ।

(চ) কৃত্তিবাস ওঝা কার রচিত 'রামায়ণ'-এর অনুবাদ বা ভাবানুবাদ করেন? মূল 'রামায়ণ' কোন্ ভাষায় রচিত হয়েছিল? সংক্ষেপে কৃত্তিবাস ওঝার 'রামায়ণ'-এর পরিচয় দাও। ১+১+৩=৫

(ছ) ''তমশ্চন্ন দিগাকাশ কেবলি করে উল্লাস
নীলকণ্ঠ-কণ্ঠের গরল।''

উপরোক্ত লাইনগুলি কোন্ কবিতার অন্তর্গত? কবির নাম কী? 'নীলকণ্ঠ কণ্ঠের গরল' বলতে কী বোঝানো হয়েছে? ১+১+৩=৫

( PART : B—DESCRIPTIVE )

( *Marks* : 50 )

৫। যে-কোন **একটি** অংশের সপ্রসঙ্গ ব্যাখ্যা কর : ৮

(ক) ''বামা জাতি স্বভাবতঃ বামা বুদ্ধি ধরে।
তার বাক্যে কে কোথা গিয়াছে দেশান্তরে॥''

(খ) ''নাম-পরতাপে যার ঐছন করিল গো
অঙ্গের পরশে কিবা হয়।''

(গ) ''যার নামে পার করে ভব-পারাবার।
ভাল ভাগ্য পাটনীর তাঁরে করে পার॥''

৬। যে-কোন **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) 'বাঙ্গালার নব্য লেখকদিগের প্রতি নিবেদন' প্রবন্ধে বঙ্কিমচন্দ্র বাংলার নব্য লেখকদিগকে যে যে নিয়মগুলি পালন করতে বলেছেন তা নিজের ভাষায় লেখ।

(খ) 'বাঙ্গালার ইতিহাস' প্রবন্ধে প্রবন্ধকারের আক্ষেপের কারণগুলি ব্যাখ্যা কর।

(গ) 'অনুকরণ' প্রবন্ধে বঙ্কিমচন্দ্রের মূল বক্তব্য আলোচনা কর।

৭। যে-কোন **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) 'শ্রীক্ষেত্র' কবিতা অবলম্বনে শ্রীক্ষেত্রের একটি বর্ণনা প্রস্তুত কর।

(খ) পূর্বরাগ কাকে বলে? পঠিত 'পূর্বরাগ' কবিতা অবলম্বনে শ্রীরাধার চরিত্র আলোচনা কর। ৪+৬=১০

(গ) 'আবার আসিব ফিরে' কবিতাটির সারাংশ লেখ।

(ঘ) ‘সতীশূন্য কৈলাস’ কবিতাটির বিষয়বস্তু বিবৃত করে এর নামকরণের সার্থকতা বিচার কর।

৮। যে-কোন **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) ধনঞ্জয় বৈরাগী চরিত্রটি ‘প্রায়শ্চিত্ত’ নাটকে একটি বিশেষ ভূমিকা পালন করেছে। এই চরিত্রটি সম্পর্কে যা জান লেখ।

(খ) ‘প্রায়শ্চিত্ত’ নাটকে রাজা প্রতাপাদিত্য চরিত্রের বিভিন্ন দিক আলোচনা কর।

(গ) ‘প্রায়শ্চিত্ত’ নাটকে রামাই কে? তার চরিত্র আলোচনা কর। ২+৮=১০

(ঘ) উদয়াদিত্য চরিত্রটি বিশ্লেষণ কর।

৯। যে-কোন **একটি** প্রশ্নের উত্তর দাও : ১২

(ক) যে-কোন একজন বৈষ্ণব পদাবলীকারের সাহিত্যকৃতি নিয়ে বিশদ আলোচনা কর।

(খ) ‘মনসামঙ্গল’ কাব্যের মূল কাহিনি সংক্ষেপে আলোচনা কর।

(গ) মুকুন্দরামের ‘চণ্ডীমঙ্গল’ কাব্যের ‘কালকেতুর উপাখ্যান’-এর বিষয়বস্তু সংক্ষেপে বর্ণনা কর।

(ঘ) যে-কোন **দুটি** বিষয় অবলম্বন করে টীকা লেখ : ৬+৬=১২

‘চর্যাপদ’ ; ‘শ্রীকৃষ্ণকীর্তন’ কাব্য ; ‘অন্নদামঙ্গল’ কাব্য ; দৌলত কাজী ; শাক্ত-পদাবলী ; চৈতন্যদেব ; বৃন্দাবনদাস।

★★★